জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

website ঃ www.nmst.gov.bd

নং-৩৯.০৩.০০০০.০০৫.১১.০০১.২০১৭- ৩৫৭

তারিখ: ০২.১০.২০১৭ খ্রিঃ।

বিষয়: চাকুরীতে নিয়োগ।

জনাব মোঃ নাজমুল হাসান, পিতা-মোঃ আব্দুল হাই সিকদার, গ্রাম-আমতলী, ডাকঘর-টঙ্গীবাড়ী-১৫২০, উপজেলা-টঙ্গীবাড়ী, জেলা-মুন্সীগঞ্জকে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৩তম গ্রেডে ১১০০০-২৬৫৯০/- টাকা বেতন স্কেলে প্রচলিত ভাতাদি ও চাকুরীর অন্যান্য সুবিধাদিসহ নিম্নবর্ণিত শর্তাবলীর আলোকে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের রাজস্ব খাতে 'উর্ধ্বতন এ্যাকাউন্টস এ্যাসিস্ট্যান্ট' পদে নিয়োগ করা হলো।

শর্তাবলী:

০১। তাকে সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন প্রাপ্তি সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ীভাবে এই নিয়োগ প্রদান করা হলো। ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে তার নিয়োগ অবসান হবে।

০২। তাকে চাকুরীতে প্রথম ০২(দুই) বছর সময়কাল শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। কর্তৃপক্ষ প্রয়োজনে তার শিক্ষানবিসকালের মেয়াদ অতিরিক্ত ০৬(ছয়) মাস বৃদ্ধি করতে পারবে।

০৩। সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন এবং সন্তোষজনক শিক্ষানবিসকালের অবসান হওয়া সাপেক্ষে তার চাকুরী নিয়মিত করা হবে এবং জাদুঘরের নিয়মিত পদে তিনি একজন স্থায়ী কর্মচারী হিসেবে গণ্য হবেন।

০৪। জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১১ এবং সরকার কর্তৃক জারীকৃত আদেশাবলী এবং প্রচলিত বিধি-বিধান দ্বারা তার চাকুরী নিয়ন্ত্রিত হবে।

০৫। নিয়োগ প্রাপ্তকে আগমী ১৫/১০/২০১৭ তারিখের মধ্যে কাজে যোগদান করতে হবে, অন্যথায় নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

০৬। নিয়োগকারী কর্তৃপক্ষ তার শিক্ষানবিসকালে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই এক মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান করে অথবা উক্ত নোটিশের পরিবর্তে এক মাসের বেতন প্রদান করে তার চাকুরীর অবসান ঘটাতে পারবে এবং এরূপ চাকুরী অবসানের কারণে তিনি কোন প্রকার ক্ষতিপূরণ পাবেন না। নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে শিক্ষানবিসকাল অবসানের পরও চাকুরীকালীন যে কোন সময় ৩(তিন) মাসের অগ্রিম নোটিশ দ্বারা বা তৎপরিবর্তে তিন মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ পরিশোধ করে তার চাকুরীর অবসান ঘটাতে পারবে।

০৭। শিক্ষানবিসকাল অবসানের পর নিয়োজিত ব্যক্তি চাকুরী হতে পদত্যাগ করতে চাইলে ০৩(তিন) মাস পূর্বে নোটিশ দাখিল করতে হবে নতুবা তিনি ০৩(তিন) মাসের বেতনের সমপরিমাণ অর্থ ক্ষতিপূরণ হিসেবে প্রদান করতে বাধ্য থাকবেন। শিক্ষানবিসকালে পদত্যাগ করতে চাইলে তাকে ০১(এক) মাস পূর্বে নোটিশ দাখিল করতে হবে নতুবা তিনি ০১(এক) মাসের বেতনের সমপরিমাণ অর্থ ক্ষতিপূরণ হিসেবে প্রদান করতে বাধ্য থাকবেন। তবে, কর্তৃপক্ষ কর্তৃক পদত্যাগপত্র গৃহীত না হওয়া পর্যন্ত তাকে কাজ করে যেতে হবে।

০৮। চাকুরিতে যোগদানের সময় তাকে-

(ক) সিভিল সার্জন, ঢাকার দ্বারা স্বাস্থ্য পরীক্ষা করিয়ে এ চাকুরীর জন্য উপযুক্ত মর্মে মেডিক্যাল রিপোর্ট দাখিল করতে হবে।

(খ) যোগদানকালীন সময়ে প্রদত্ত পুলিশ ভেরিফিকেশন ফরম পূরণ করে দাখিল করতে হবে।

(গ) নিজ এলাকার ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/কাউন্সিলর/আঞ্চলিক কর্মকর্তা কর্তৃক নাগরিকত্ব সনদপত্রের মূলকপি দাখিল করতে হবে।

(ঘ) সাম্প্রতিক কালের ৪কপি পাসপোর্ট আকারের রঙ্গিন ছবিসহ সকল সনদের এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি জমা প্রদান করতে হবে এবং মূল কপিও যোগদানের সময় উপস্থাপন করতে হবে।

০৯। চাকুরীকালে তাকে কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত যে কোন দায়িত্ব পালন করতে হবে।

১০। চাকুরীতে যোগাদানের জন্য তিনি কোন প্রকার ভাতা প্রাপ্য হবেন না।

১১। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(স্বপন কুমার রায়)
মহাপরিচালক

প্রাপক :

জনাব মোঃ নাজমুল হাসান
পিতা-মোঃ আব্দুল হাই সিকদার
গ্রাম-আমতলী, ডাকঘর-টঙ্গীবাড়ী-১৫২০
উপজেলা-টঙ্গীবাড়ী,
জেলা-মুন্সীগঞ্জ

চলমান পাতা--২

নং-৩৯.০৩.০০০০.০০৫.১১.০০১.২০১৭- ৮৫৬(৫)

তারিখ: ০২.১০.২০১৭ খ্রিঃ।

অনুলিপি প্রেরণ করা হলো:

০১। সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সিভিল সার্জন, ঢাকা। উল্লিখিত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষাক্রমে তার মেডিক্যাল রিপোর্ট প্রদানের জন্য অনুরোধ জানানো হল।

০৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।

০৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, ঢাকা।

০৫। ব্যক্তিগত নথি।

(স্বপন কুমার রায়)
মহাপরিচালক